

১৯ আগস্ট ২০২৪
০৪ঠা ভাদ্র ১৪৩১

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইইউবিএটি কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিম্নোক্ত সুপারিশমূহ বাস্তবায়নের সম্মতি প্রাপ্ত করেছেন:-

১. **সার্বক্ষণিক মসজিদ খোলা রাখা:** বিশ্ববিদ্যালয় চলাকালীন সময়ে মসজিদ সার্বক্ষণিক খোলা রাখতে হবে। প্রয়োজনে নিরাপত্তা নিশ্চিত করতে গার্ড নিয়োগ করতে হবে এবং পুরুষ ও নারীদের জন্য আলাদা নামাজের ব্যবস্থা করতে হবে।
২. **ড্রেস কোড সংস্কার:** নারী শিক্ষার্থী এবং শিক্ষিকাদের যেকোনো প্রেজেন্টেশন, ভাইবা, পরীক্ষা, ক্লাস ইত্যাদির ক্ষেত্রে ধর্মীয়ভাবে অনুমোদিত পোশাক পরিধানে কোনো রকম বাধা প্রদান করা যাবে না। পুরুষ শিক্ষার্থী এবং শিক্ষকদের টাই এবং টাক ইন ব্যাপারে স্বাধীনতা দিতে হবে।
৩. **ধর্মীয় ছুটি ও মেকআপ ক্লাস:** সরস্বতী পূজায় একদিন এবং দুর্গাপূজায় কমপক্ষে তিন দিন বন্ধ দিতে হবে। এছাড়া, সরকারি ছুটে কোনো মেকআপ ক্লাস নেওয়া যাবে না। শুক্রবারে কোনো অনলাইন বা অফলাইন ক্লাস নেওয়া যাবে না।
৪. **প্রাক্তন শিক্ষার্থীদের প্রতি সহনশীল আচরণ:** প্রাক্তন শিক্ষার্থীদের সাথে কর্তৃপক্ষকে সহনশীল আচরণ করতে হবে এবং প্রমাণ সাপেক্ষে যে কোনো দুর্ব্যবহারকারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে হবে। প্রাক্তন শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড প্রয়োগ করা যাবে না।
৫. **শিক্ষক-শিক্ষিকাদের জন্য নীতিমালা:** শিক্ষক-শিক্ষিকাদের নির্ধারিত ক্লাস সংখ্যা সীমিত করতে হবে এবং পর্যাপ্ত শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করতে হবে। এছাড়া, অনলাইনে মেকআপ ক্লাস নেওয়ার স্বাধীনতা দিতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে কর্তৃপক্ষকে সহনশীল আচরণ করতে হবে।
৬. **ল্যাব ফ্যাসিলিটি উন্নয়ন:** পর্যাপ্ত ল্যাব অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করতে হবে এবং ল্যাব ফ্যাসিলিটি বাড়তে হবে। ল্যাব অ্যাসিস্ট্যান্টের উপস্থিতিতে শিক্ষার্থীদের প্রপ্র্যাকটিসের জন্য নির্ধারিত ক্লাস সময়ের বাইরে ও ল্যাব উন্মুক্ত রাখতে হবে।
৭. **সার্টিফিকেটে প্রয়োজনীয় তথ্য:** সার্টিফিকেটে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে উল্লেখ করতে হবে এবং আইইউবিএটি এর IEB ও KIB মেম্বারশিপের জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে। **(টেকনিক্যাল কমিটিতে আলোচনা)**
৮. **সহনশীল আচরণ ও মত প্রকাশের স্বাধীনতা:** শিক্ষক, শিক্ষিকা, কর্তৃপক্ষ এবং স্টাফদের শিক্ষার্থীদের সাথে সহনশীল আচরণ করতে হবে। শিক্ষার্থীদের মত প্রকাশের স্বাধীনতা দিতে হবে এবং মতের মূল্যায়ন করতে হবে। প্রমাণ সাপেক্ষে দুর্ব্যবহারকারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে হবে এবং শিক্ষার্থীদের বসার জন্য পর্যাপ্ত আসনের ব্যবস্থা করতে হবে।
৯. **ক্যান্টিনের মান উন্নয়ন:** ক্যান্টিনে খাবারের গুণগত মান উন্নত করতে হবে এবং আলোচনার ভিত্তিতে খাবারের মূল্য কমিয়ে শিক্ষার্থীদের। সামর্থ্যের মধ্যে রাখতে হবে।
১০. **ক্রীড়া সুবিধা:** খেলার মাঠের গুণগত মান উন্নয়নে এবং পর্যাপ্ত অর্থায়নে কর্তৃপক্ষকে উদ্যোগী হতে হবে। ইনডোর ক্রীড়া ব্যতীত অন্য একোনো কার্যক্রম খেলার মাঠে সম্পন্ন করা যাবে না।
১১. **রেজিস্ট্রেশন ফি ও জরিমানা:** রেজিস্ট্রেশন ফি দেওয়ার ক্ষেত্রে অপ্রয়োজনীয় জরিমানা প্রত্যাহার করতে হবে।
১২. **পরিবহন সুবিধা বৃদ্ধি:** শিক্ষার্থীদের সুবিধার্থে বাসের সংখ্যা বাড়ানোর পাশাপাশি পরিবহন ব্যবস্থার মান উন্নত করতে হবে।
১৩. **অ্যাটেনডেন্স বিষয়ে সহনশীলতা:** অ্যাটেনডেন্সের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষিকাদের সহনশীল হতে হবে।
১৪. **কোর্স অফারিং সংক্রান্ত সমস্যা:** প্রয়োজন অনুযায়ী আসন সংখ্যা নিশ্চিত করতে হবে এবং কোর্স তাফারিং সংক্রান্ত সমস্যার সমাধান করতে হবে।
১৫. **অতিরিক্ত কোর্স চাপিয়ে দেওয়া:** নির্ধারিত কোর্সের বাইরে অতিরিক্ত কোর্স চাপিয়ে দেওয়া যাবে না।
১৬. **লাইব্রেরী ব্যবস্থাপনা:** লাইব্রেরিতে কোর্স সংক্রান্ত বই নিয়ে প্রবেশে বাধা প্রদান করা যাবে না।



১৭. **হয়রানিমূলক আচরণ:** চলমান দাবির পক্ষে এবং আন্দোলনে যুক্ত থাকা যেকোনো সাধারণ শিক্ষার্থীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে কোনো হয়রানিমূলক কোনো প্রকার বা শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে পারবে না।

১৮। রেজিস্ট্রার এবং প্রক্টর এর পদত্যাগ।

১৯। মিড ও ফাইনালের সিলেবাস আলাদা করতে হবে। (টেকনিক্যাল কমিটিতে আলোচনা)

২০। রেজিস্ট্রেশন ও রিটেক ফি ৫০% করতে হবে (জরিমানা ক্যানসেল)। (টেকনিক্যাল কমিটিতে আলোচনা)

২১। ফ্রেডি ট্রান্সফার দেশ ও দেশের বাহিরে ঝামেলা মুক্ত করতে হবে।

২২। পূর্বের এবং বর্তমান এর গ্রেডিং সিস্টেম এর পার্থক্য নির্মূল করতে হবে (নতুন নিয়ম অনুযায়ী)। (টেকনিক্যাল কমিটিতে আলোচনা)

২৩। নোটিশ ইমেইল এ দিতে হবে।

২৪। গার্ডিয়ানের প্রতি সহনশীল হতে হবে এবং রেজাল্ট নিয়ে তাদের হ্যাসেল করা যাবে না।

২৫। ক্যাম্পাসে কমপ্লেন্ট বক্স যুক্ত করতে হবে এবং প্রতিদিনের আপডেট দিতে হবে।

২৬। WiFi problem solve করতে হবে

২৭। কনসালটেশন রুমে স্টুডেন্টদের পড়ার সুযোগ দিতে হবে

Imd
Sury Hanir
Smulhanm
Ronal
Foad

Su
Prof. Solina Nargis
Treasurer
IUBAT—International University of Business
Agriculture and Technology
Dhaka, Bangladesh

Ruiah
19.8.24
Prof Dr Abdur Rab
Vice-Chancellor
IUBAT-International University of Business
Agriculture and Technology
4 Embankment Drive Road, Sector 10
Uttara Model Town, Dhaka-1230